ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৭০ ● কলকাতা ● ১৩ আশ্বিন, ১৪৩০ ● রবিবার ● ০১ অক্টোবর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা



নতুন মাইলফলক ছুঁলেন শাহরুখ

পৃঃ ৫



বিশ্বকাপের আগে সমালোচনার মুখে বাবর আজম

পৃঃ ৬

## পুরাণ থেকেই যুদ্ধের অস্ত্র

## আর কৌশলের শিক্ষা, প্রধানমন্ত্রীর পথেই নয়া প্রকল্প ভারতীয় সেনার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বের মধ্যে দ্বিতীয় বৃহত্তম সেনাবাহিনী বলে স্বীকৃতি পেয়েছে ভারতীয় সেনা। কিন্তু শুধু সংখ্যার নিরিখেই নয়, কৌশলগত দিক দিয়েও এবার সেরা হওয়ার লক্ষ্য তাদের। আর সেই কারণেই আধুনিক যুদ্ধবিদেরা নন, বরং ভারতের প্রাচীন পুরাণ-দর্শনের দ্বারস্থ হচ্ছে দেশের সেনাবাহিনী। সম্প্রতি এমনটাই জানানো হয়েছে সংশ্লিষ্ট দপ্তরের তরফ থেকে।২০২১ সালে গুজরাটে কম্বাইন্ড কমান্ডারস' কনফারেন্স থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিই বলেছিলেন এই ভারতীয়করণের কথা। তিনি বলেছিলেন, শিক্ষা, বিজ্ঞান, স্বাস্থ্য ইত্যাদি ক্ষেত্রে যেসব ঔপনিবেশিক অভ্যাস দীর্ঘদিন ধরে নিয়মমাফিক চলে আসছে, তার থেকে মুক্তি পাওয়া উচিত। বরং দেশের সুরক্ষা ক্ষেত্রে অস্ত্র এবং তার কৌশল প্রয়োগের ব্যাপারে প্রাচীন রীতিনীতির দ্বারস্থ হওয়ার পরামর্শ দিয়েছিলেন তিনি। ২০২২ সালে স্বাধীনতা দিবসের ভাষণেও একই কথা বলেন তিনি। আর সেই পথেই এবার হাঁটল দেশের সেনাবাহিনী। আপাতত কৌটিল্যের অর্থশাস্ত্র, কমণ্ডকের নীতিসারা এবং

এরপর ৩ পাতায়

## ডেঙ্গি রুখতে একাধিক বার্তা মমতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পুজোর আগে ঘুম কাড়ছে ডেঙ্গি । শুধু তাই নয়, আগামী ৩ সপ্তাহে আরও বাড়বে ডেঙ্গি সংক্রমণ, রাজ্য সরকারকে সতর্ক করে চিঠি দিল কেন্দ্র। হাসপাতালে হাসপাতালে ডেঙ্গি পরিস্থিতি খতিয়ে দেখতে টিম পাঠাচ্ছে স্বাস্থ্য দফতর। এই প্রেক্ষিতে ডেঙ্গি নিয়ে নবান্নে গুরুত্বপূর্ণ বৈঠকে ফোনে বার্তা দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন ১৩ ও ১৪ **নম্বর বরোয়** বিক্ষোভ দেখায় কংগ্রেসও। এরইমধ্যে, ভয়াবহ ডেঙ্গি পরিস্থিতিতে, রাজ্যের স্বাস্থ্য দফতরকে সতর্ক করে চিঠি দিয়েছে কেন্দ্রের স্বাস্থ্য মন্ত্রক। যেখানে বলা হয়েছে, আগামী ৩ সপ্তাহে আরও বাড়বে ডেঙ্গি সংক্রমণ। নভেম্বর পর্যন্ত ডেঙ্গির প্রকোপ থাকবে। সেক্ষেত্রে রোগী সংখ্যা বাড়লে যেন তৈরি থাকে হাসপাতালগুলো। পর্যাপ্ত টেস্ট কিট রাখতে হবে। ডেঙ্গির হটস্পট চিহ্নিত করতে হবে।ডেঙ্গিতে যাতে প্রাণহানি না হয় সেদিকে কড়া নজর দিতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। এদিন মমতা বন্দ্যোপাধ্যায় জানান, 'ডেঙ্গি মোকাবিলায় প্রয়োজনে সপ্তাহে সাতদিন ২৪ ঘণ্টা কাজ করতে হবে প্রশাসনকে। হটস্পটগুলি ইতিমধ্যেই চিহ্নিত হয়েছে সেক্ষেত্রে নিতে হবে প্রয়োজনীয় পদক্ষেপ'।

ডেঙ্গি নিয়ে মুখ্য সচিবের নেতৃত্বে নবান্নে শুরু হয় বৈঠক। বৈঠকে উপস্থিত স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিকর্তা সহ স্বাস্থ্য দফতরের শীর্ষ কর্তারা। ভার্চুয়ালি উপস্থিত সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ এবং সব জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকরাও। সেই বৈঠকেই ফোনে মুখ্যসচিবকে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন বলে নবান্ন, সূত্র মারফত খবর।

রাজ্যে ভয়ঙ্কর ডেঙ্গি। ক্রমশ লম্বা হচ্ছে মৃত্যু মিছিল। সরকারি মতে সংখ্যাটা ৩ হলেও, বেসরকারি মতে ৪৭।

এরপর ৩ পাতায়

## নিয়োগ কেলেঙ্কারিতে কোমর বাঁধল

## তদন্তকারীরা, ঘুম উড়বে দুর্নীতিবাজদের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নিয়োগ দুর্নীতি মামলায় তোলপাড় রাজ্যে। তদন্ত চলছে, তবে ফল কী মিলছে? বারংবার প্রশ্নের মুখে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার ভূমিকা। গত সোমবার হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার প্রশ্নবাণে উত্তপ্ত হয়ে ওঠে এজলাস। অভিষেক বন্দ্যোপাধ্যায় ও তার সংস্থার সমস্ত ডিরেক্টরের সম্পত্তির বিবরণ নিয়ে আদালতে জমা দেওয়া ইডির রিপোর্ট নিয়ে প্রশ্ন তোলেন বিচারপতি সিনহা ।তবে সূত্র মারফত খবর বিচারপতির প্রশ্নে হয়তো কিছুতেই ঘাবড়ে গিয়েছিলেন ইডির অ্যাসিসট্যান্ট ডিরেক্টর মিথিলেশ কুমার মিশ্র। এরপরই বিচারপতি বলেন, " এখানে নার্ভাস হওয়ার কোনও ব্যাপার নেই। এই ধরনের তদন্তের জন্য যে আত্মবিশ্বাসের প্রয়োজন তা ওনার মধ্যে নেই।"

এরপরই কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা ইডির সহকারী ডিরেক্টর মিথিলেশকুমার মিশ্রকে সরিয়ে দেন বিচারপতি সিনহা। রাজ্যের কোনও মামলায় মিথিলেশকুমার মিশ্রকে নিযুক্ত করা যাবে না। তাকে সরিয়ে দিয়ে নির্দেশ দেন বিচারপতি।

পাশাপাশি যত দ্রুত সম্ভব নতুন অফিসার নিয়োগ করার জন্য ইডির ডিরেক্টরকে নির্দেশ বিচারপতি সিনহার। আগামী ৩ অক্টোবর অভিষেক মামলার তদন্ত নিয়েও উপযুক্ত অফিসারকে পদক্ষেপ করার নির্দেশ দেন বিচারপতি। লিপস অ্যান্ড বাউন্ডসের জমা দেওয়া সম্পত্তির বিবরণ

এরপর ৩ পাতায়



## হেরিটেজ তকমা উঠে গেলে তো
# দায় হবে উপাচার্যেরই', মুখ্যমন্ত্রীকে ফের চিঠি বিদ্যুত চক্রবর্তীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সদ্য হেরিটেজ তকমা পেয়েছে শান্তিনিকেতন। আর তারপরই নতুন তরজা শুরু বিশ্বভারতী আর রাজ্য সরকারের মধ্যে। এক সপ্তাহের মধ্যে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে পরপর দুটি চিঠি দিলেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিদ্যুত চক্রবর্তী। বিশ্বভারতী সংলগ্ন রাস্তা ফেরানোর আর্জি জানিয়ে শনিবার দ্বিতীয় চিঠি দিলেন মুখ্যমন্ত্রীকে।এর আগে মমতার কাছে উপাচার্য এই একই দাবি জানানোর পর আশ্রমিকদের একাংশ পাল্টা চিঠি দিয়ে বিরোধিতা করেন। তাঁরা দাবি করেন, ওই রাস্তা ফেরানোর প্রয়োজন নেই। শনিবার দেওয়া চিঠিতে উপাচার্য তাঁদের কটাক্ষ করে লেখেন, "যাঁরা বর্তমানে রাস্তা হস্তান্তরের বিরোধিতা করছেন, কোনও ভবনের ক্ষতি হলে তাঁরাই আবার গোটা ঘটনার দায় বিশ্বভারতীর ঘাড়ে ঠেলে দেবে।"

প্রসঙ্গত, রাজ্য সরকার ও বিশ্বভারতীর দ্বন্দ্বের মাঝে বছর দেড়েক আগে এই রাস্তাটি বিশ্বভারতীর হাত থেকে নেয় রাজ্য সরকার। ওয়ার্ল্ড হেরিটেজ ঘোষণার পরই রাস্তা ফিরে পেতে নতুন করে ততপর হয়েছে বিশ্বভারতী। সেখানে তিনি উল্লেখ করেছেন, বিশ্বভারতীর কোনও ক্ষতি হলে যদি ইউনেসকো তাদের দেওয়া হেরিটেজ তকমা সরিয়ে নেয়, তাহলে তার দায় হবে উপাচার্য ও তাঁর সহকর্মীদের। তাই অবিলম্বে রাস্তা ফেরানোর দাবি জানিয়েছেন তিনি।

উপাচার্যের দাবি, যদি ওই রাস্তায় বড় গাড়ি চলাচল বন্ধ করা না যায়, তাহলে রাস্তার দু ধারে থাকা হেরিটেজ ভবনগুলি ক্ষতিগ্রস্ত হবে। আর এই ভবনগুলির সঠিক রক্ষণাবেক্ষণ করা না হলে শান্তিনিকেতনের কাছ থেকে ওয়ার্ল্ড হেরিটেজ তকমাও কেড়ে নিতে পারে ইউনেসকো। আশ্রমের হেরিটেজ ভবন রক্ষার্থে এবং আনন্দ পাঠশালার শিশুদের নিরাপত্তার খাতিরে তাই রাজ্য সরকারের এ বিষয়ে ততপর হওয়া উচিত বলে উল্লেখ্য করেছেন তিনি।

## বিদ্যুৎ দপ্তর দিচ্ছে স্মার্ট মিটার,
# বসাতে না চেয়ে কর্মীদের উপর চড়াও গ্রামবাসীরা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাড়িতে লাগাতে দেওয়া হবে না স্মার্ট মিটার। স্মার্ট মিটার লাগানোর প্রতিবাদে বিদ্যুৎ কর্মীদের আটকে রেখে বিক্ষোভ দেখাতে শুরু করেন গ্রামবাসীরা। ঘটনাটিকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে ভাঙরে। রাজ্যের বিদ্যুৎ দপ্তর নতুন পরিকল্পনা গ্রহণ করেছে যে তারা বাড়িতে পুরনো মিটার বদলে লাগাবে প্রিপেইড স্মার্ট মিটার।

কিন্তু বহু গ্রাহক এই স্মার্ট মিটার লাগাতে অনিচ্ছুক। স্মার্ট মিটার লাগানোকে কেন্দ্র করে তর্ক বিতর্ক লেগে যাচ্ছে গ্রামবাসী ও বিদ্যুত কর্মীদের মধ্যে। বৃহস্পতিবার তেমনই একটি প্রতিচ্ছবি ধরা পড়ল দক্ষিণ ২৪ পরগনার ভাঙর ২নম্বর ব্লকের মাছিভাঙ্গা এলাকায়। সূত্রের খবর বৃহস্পতিবার দুপুরে বিদ্যুৎ কর্মীরা এসে উপস্থিত হন স্মার্ট মিটার লাগানোর জন্য।

বিদ্যুৎ কর্মীদের দেখেই ক্ষিপ্ত হয়ে ওঠেন গ্রামবাসীরা। গ্রামবাসীরা এই বিদ্যুৎ কর্মীদের বলেন যে তারা স্মার্ট মিটার লাগাবেন না। অপরদিকে বিদ্যুৎ কর্মীরা অনর ছিলেন স্মার্ট মিটার লাগানোর জন্য। এরপর দুপক্ষের মধ্যে শুরু হয় তুমুল বচসা। এরপর গ্রামবাসীরা বিদ্যুৎ কর্মীদের আটকে রেখে শুরু করেন প্রতিবাদ।

বিদ্যুৎ কর্মীদের সাথে থাকা নতুন স্মার্ট মিটারগুলি গ্রামবাসীরা রাস্তায় ফেলে ভাঙচুর করেন। এরপর গ্রামবাসীদের বিক্ষোভের শামিল হন জমি জীবিকা বাস্তুতন্ত্র ও পরিবেশ রক্ষা কমিটির সদস্যরা। অশান্তির খবর পেয়ে দ্রুত সেখানে এসে উপস্থিত হয় কাশিপুর থানার পুলিশ। এরপর গ্রামবাসীদের সাথে আলোচনা করেন তারা। পুলিশের সাথে আলোচনার পর বিক্ষোভ প্রত্যাহার করে নেন গ্রামবাসীরা।

অনেকের বক্তব্য স্মার্ট মিটার সম্পর্কে মানুষকে ঠিক ভাবে বোঝাতে অক্ষম বিদ্যুৎ দপ্তর। আবার গ্রামবাসীদের বক্তব্য, মোবাইল রিচার্জ এর মতো সিস্টেম রয়েছে এই মিটারে। যতক্ষণ রিচার্জ থাকবে ততক্ষণ বিদ্যুৎ চলবে। কিন্তু রিচার্জ ফুরিয়ে গেলে যে কোনও সময় বন্ধ হয়ে যাবে বিদ্যুৎ পরিষেবা। গ্রামের সহজ সরল মানুষ এই ধরনের জটিলতা মেনে নিতে পারবে না।

## নেক্সট আইএএস গ্রাউন্ড ব্রেকিং স্কলারশিপ প্রোগ্রাম শুরু,
# আইএএস কোচিং এর জন্য ১০০% কভারেজ অফার করা হচ্ছে




**Kolkata, 30th Sep 2023: নিউজ সারাদিন :** কর্মজীবনের বিভিন্ন বিকল্পের বিস্তার সত্ত্বেও, বিপুল সংখ্যক ভারতীয় যুবক এখনও আইএএস বা আইপিএস অফিসারদের একটি মর্যাদাপূর্ণ পদ গ্রহণ করার স্বপ্ন দেখে। এই কারণেই লক্ষ লক্ষ যুবক, তাদের স্বপ্ন পূরণের জন্য, দিল্লি, পাটনা, এলাহাবাদের মতো বড় শহরে বহু বছর বসবাস করে এবং এই পরীক্ষার প্রস্তুতিতে আত্মনিয়োগ করে, যা দেশের অন্যতম কঠিন পরীক্ষা হিসাবে বিবেচিত হয়। কিন্তু এই যুবকদের থেকেও বেশি সেই সব যুবক যারা সিভিল সার্ভিস পরীক্ষায় সফল হওয়ার পর প্রশাসনিক কর্মকর্তা হওয়ার স্বপ্ন দেখে, কিন্তু আর্থিক সীমাবদ্ধতার কারণে এই পরীক্ষার জন্য সঠিকভাবে প্রস্তুতি নিতে বড় শহরে যেতে পারছে না।

আপনি যদি এই যুবকদের মধ্যে একজন হন, তাহলে নেক্সট আইএএস ইনস্টিটিউট মেড ইজি গ্রুপের একটি সম্মানিত শাখা আপনার জন্য একটি স্কলারশিপ প্রোগ্রাম নিয়ে এসেছে। এই সুবর্ণ সুযোগ আপনার আইএএস অফিসার হওয়ার স্বপ্ন বাস্তবায়নের জন্য একটি আশার আলো হতে পারে। তাই আপনি ইংরেজি এবং হিন্দি মাধ্যমে সাধারণ স্টাডিজ এর প্রি-কাম-মেন্স ফাউন্ডেশন কোর্সে (অনলাইন ও অফলাইন মোড) টিউশন ফিতে ১০০% অনুষ্ঠিত হবে এবং এর জন্য নিবন্ধন করা যাবে শুধুমাত্র ৫ই অক্টোবর পর্যন্ত। এই বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ যুবকদের ২৬ অক্টোবর ২০২৩ থেকে ৩১ জুলাই ২০২৪ পর্যন্ত ব্যাচে পড়ানো হবে। পরবর্তী আইএএস কেন্দ্রগুলো দিল্লি, ভোপাল এবং জয়পুরে স্থাপন করা হয়েছে, যাতে আপনি আপনার বাড়ির কাছাকাছি থেকে আরও ভাল প্রস্তুতি নিতে পারেন।

**সারা দেশে পরীক্ষা কেন্দ্র রয়েছে**

এই বৃত্তির জন্য সারাদেশে পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে। এর মধ্যে রয়েছে বিজয়ওয়াড়া, কলকাতা, ভাইজাগ, ইটানগর, ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর, মুজাফফরপুর, পাটনা, চণ্ডীগড়, ভিলাই, রায়পুর এবং আরও অনেকগুলি, মোট ৪২টি শহরকে ঘিরে স্কলারশিপের জন্য এতগুলো কেন্দ্র তৈরি করার উদ্দেশ্য হল প্রত্যেক প্রার্থী যেখানেই থাকুক না কেন, তারা যেন তাদের স্বপ্নকে অনুসরণ করার যথেষ্ট সুযোগ পায় তা নিশ্চিত করা।

**নেক্সট আইএএস: আশার আলো**

নেক্সট আইএএস ইনস্টিটিউট বি সিং মেড ইজি গ্রুপের সিএমডি এবং প্রাক্তন আইই অফিসারের দ্বারা প্রতিষ্ঠিত হয়ে। বছরের পর বছর শত শত সিলেকশন এর সাথে, নেক্সট আইএএস ইউপিএসসি সিভিল সার্ভিসেস পরীক্ষার সমুদ্রে একাধিক প্রার্থীদের ইন্টারভিউ পর্যন্ত নেক্সট আইএএস সিভিল সার্ভিসেস এর সফরে প্রার্থীদের মধ্যে যে অধ্যবসায় সঙ্গে আত্মবিশ্বাস জাগানো থেকে সাক্ষাৎকারের সমস্ত পথ, এবং সঠিক নির্দেশনাসহ, তারা যেন কি ভাবে পরিশ্রম থেকে লক্ষ্য অর্জন করতে পারেন।

**সাফল্যের উত্তরাধিকার**

নেক্সট আইএএস কেবল একটি প্রতিষ্ঠানের চেয়ে বেশি; এটি সাফল্যের একটি প্রমাণ। ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালের সিভিল সার্ভিস পরীক্ষায়, নেক্সট আইএএস একটি চিত্তাকর্ষক মোট চয়নের হার অর্জন করেছে প্রায় ৪০%। ২০২০ সালে, এই সংখ্যাটি ৪৩%-এ বেড়ে যায়, যেখানে পাঁচজন প্রার্থী, শীর্ষ ১০-এ স্থান অর্জন করেছিল। ২০২১ সালে একটি উল্লেখযোগ্য ৪২% মোট চয়নের হারের সাথে অব্যাহত ছিল, যার মধ্যে শীর্ষ ১০-এ চারজন প্রার্থী ছিলেন। ২০২২ সালে শীর্ষস্থানে পৌঁছেছিল মোট চয়নের হার একটি বিস্ময়কর ৬৭%, যার মধ্যে শীর্ষ ১০-এ সাতজন প্রার্থী ছিলেন। এই সফল প্রার্থীরা তাদের যাত্রা জুড়ে নেক্সট আইএএস-এর সাথে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন, একটি অংশীদারিত্ব যা নিঃসন্দেহে তাদের বিজয়ী সাফল্যে অবদান রেখেছিল। স্কলারশিপ প্রোগ্রামের জন্য বিস্তারিত তথ্য এবং রেজিস্ট্রেশনের জন্য, অনুগ্রহ করে নেক্সট আইএএস-এর অফিসিয়াল ওয়েবসাইট দেখুন: https://nextias.com

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

## বাড়ির চারপাশে থইথই করছে নদীর জল,
# অন্তঃসত্তা বৌমাকে নিয়ে আতঙ্কের প্রহর গুনছেন শাশুড়ি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাড়ির চারপাশে থইথই করছে পুনর্ভবা নদীর জল। স্রোতের শব্দে বুক কেঁপে উঠছে পঞ্চাশোর্ধ্ব মহিলা আশুবালা সরকারের। তিনি বলেন, "বাড়িতে সাড়ে আটমাসের অন্তঃসত্বা মেয়ে রয়েছে। পুনর্ভবা নদীর জলের স্রোতে রাস্তা ভেঙে বাড়ি এখন জলভুমি। যোগাযোগের মাধ্যম বলতে একমাত্র ছোট ডিঙি নৌকা। স্রোতের কারণে ডিঙি নৌকায় যাতায়াত ঝুঁকির হয়ে উঠেছে।" অন্তঃসত্বা মেয়েকে নিয়ে আতঙ্কের প্রহর গুনতে হচ্ছে।

তাঁর মতোই অন্তঃসত্ব মেয়ে, বউমাকে নিয়ে আতঙ্কের প্রহর গুনছেন পুনর্ভবা নদীর জলে প্লাবিত বামনগোলা ব্লকের খুটাদহ, বটতলির আটটি পরিবার। আশাকর্মী প্রমিলা বিশ্বাস বলেন, "বটতলি, খুটাদহ গ্রামের আটজন মহিলা অন্তঃসত্বা রয়েছে। তাঁদের আচমকা প্রসব যন্ত্রণ হলে স্বাস্থ্য কেন্দ্রে পৌঁছানো যাবে না। প্রসুতি মেয়েদের নিয়ে আমারও রাতের ঘুম উড়েছে।" চারদিন ধরে রাস্তা ভেঙে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে রয়েছে বামনগোলা ব্লকের জগদল্লা, গোবিন্দপুর-মহেশপুর, চাঁদপুর গ্রামপঞ্চায়েতের প্রায় ১৫টি গ্রাম। সে গ্রামের মানুষদের নিরাপদ স্থানে সরানো তো দূরের কথা, ত্রিপল এবং শুকনো খাবারটুকুও পৌঁছয়নি বলে অভিযোগ। অভিযোগ, গ্রামে পৌঁছয়নি ব্লক প্রশাসনের কর্তারাও। ফলে, প্রশাসনের ভুমিকায় ক্ষোভে ফুঁসছেন তিনটি গ্রাম পঞ্চায়েতের জলবন্দি প্রায় ২০ হাজার মানুষ।

শুক্রবার, গ্রামগুলিতে ত্রাণ সামগ্রী নিয়ে যান বামনগোলা পঞ্চায়েত সমিতির নারী, শিশু ও ত্রাণ দফতরের কর্মাধ্যক্ষ রাজিতা কিস্কু। তাঁকে কাছে পেয়ে ত্রাণ নিয়ে ক্ষোভ প্রকাশ করেন ক্ষতিগ্রস্ত মানুষেরা। রাজিতা বলেন, "১০০টি ত্রিপল, কিছু শুকনো খাবার নিয়ে গ্রামগুলিতে পৌঁছেছি। যা পর্যাপ্ত নয়। ব্লক প্রশাসনকে পুরো ঘটনার রিপোর্ট দেব।" বামনগোলা ব্লকের বিডিও রাজু কুণ্ডু বলেন, "পঞ্চায়েতগুলিতে ত্রাণ পৌঁছানোর হয়েছে। এ ছাড়া পঞ্চায়েতগুলোতে ত্রাণ শিবির খোলার নির্দেশ দেওয়া হয়েছে। তবে গ্রামবাসীদের দাবি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

গ্রামবাসীদের দাবি, খুটাদহ, বটতলি, আদাডাঙা, সোনঘাট, তালভিটা, তালতলা, রাঙামাটি, হরিপাল পাড়া, সোনঘাটের মতো জলবন্দি গ্রামগুলিতে পৌঁছানোর সীমান্ত রোড, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার রাস্তা ছিল। গত, রবিবার রাস্তা দুটির প্রায় ৩০ জায়গায় ফাটল ধরেছে। জলের তলার রয়েছে খুটাদহ হাই স্কুল, বটলতি প্রাথমিক বিদ্যালয়, খুটাদহ উপস্বাস্থ্য কেন্দ্র। এ ছাড়া সীমান্তে বিএসএফের ক্যাম্পও জলের তলায় রয়েছে। সীমান্তের রাস্তা ভেঙে যাওয়ায় যাতায়াতের সমস্যায় পড়েছে বিএসএফও। জলের তোড়ে রাস্তার মতো প্রচুর বাড়ি ভেঙেছে। জলের তলায় গিয়েছে প্রায় দুশো বিঘা ধানের জমিও। গ্রামবাসী ঝর্ণা রায় বলেন, "ব্লকে সদরে পৌঁছানোর জন্য আমাদের কাছে নদী ছাড়া কোনও রাস্তায় নেই। তবুও আমাদের নিরাপদ স্থানে সরানো হচ্ছে না।" বাড়ির মতো আমরাও জলে ভেসে গেলে কী ঘুম ভাঙবে প্রশাসনের, প্রশ্ন করেন তিনি।

## খড়্গাপুরে সোনার দোকানে ডাকাতির ঘটনায়
# আরও একজনকে গ্রেফতার করলো বেলিয়াবেড়া থানার পুলিশ



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন :** শুক্রবার দুপুরে খড়গপুর শহরের গোলবাজার এলাকার একটি সোনার দোকানে ডাকাতির ঘটনায় ঝাড়গ্রাম জেলা পুলিশের পক্ষ থেকে ড্রোন চালিয়ে বেলিয়াবেড়া থানার রান্টুয়া সংলগ্ন পাইকাম্ধি ও বারোমানিয়া এলাকা গুলির ধান চাষের জমি থেকে পাঁচজন ডাকাতকে গ্রেফতার করা হয়। ওই পাঁচজন ডাকাতকে ঝাড়গ্রাম জেলা পুলিশের পক্ষ থেকে পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশের হাতে তুলে দেওয়া হয়। সেই সঙ্গে উদ্ধার করা গাড়ি এবং গাড়িতে থাকা সবকিছুই পশ্চিম মেদিনীপুর জেলা পুলিশের হাতে তুলে দেন ঝাড়গ্রাম জেলা পুলিশের পুলিশ সুপার অরিজিৎ সিনহা। শনিবার সকালে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ২ ব্লকের অন্তর্গত বেলিয়াবেড়া থানার জামুয়া আকনা গ্রাম থেকে আরও এক ব্যক্তিকে গ্রেফতার করে। ওই ব্যক্তিকে ধান চাষের জমিতে দেখতে পেয়ে গ্রামবাসীদের সন্দেহ হয়। এরপর গ্রামবাসীরা বিষয়টি পুলিশকে জানায়। খবর পেয়ে বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধীর নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে যায়। ঘটনাস্থলে গিয়ে অমরজিৎ সিং নামে ডাকাত দলের ওই সদস্যকে গ্রেফতার করে। তার বাড়ি বিহারের বৈশালী এলাকায়। বেলিয়াবেড়া থানার পুলিশের পক্ষ থেকে ধৃত ডাকাত অমরজিৎ সিং কে ঝাড়গ্রাম জেলা পুলিশের হাতে তুলে দেওয়া হয়। যার ফলে খড়্গাপুরের সোনার দোকানে ডাকাতির ঘটনায় মোট ৬ জনকে গ্রেফতার করলো ঝাড়গ্রাম জেলা পুলিশ।

১-ম পাতার পর

# নিয়োগ কেলেঙ্কারিতে কোমর বাঁধল তদন্তকারীরা, ঘুম উড়বে দুর্নীতিবাজদের

সম্পর্কিত রিপোর্ট দেখে বেশ সন্দেহ প্রকাশ করেন বিচারপতি। ইডিকে তুমুল ভতর্সনা করেন বিচারপতি। ইডির অ্যাসিসট্যান্ট ডিরেক্টর মিথিলেশ কুমার মিশ্রকে বিচারপতি বলেন, "আপনার কি এই ধরনের তদন্ত করার জন্য প্রশিক্ষণ রয়েছে? আরও অফিসার চাই? নাকি অব্যহতি চাইছেন! প্রশ্নের মুখে পড়ে ইডির আইনজীবী জানিয়েছিলেন, এই বিষয়ে ইডির ডিরেক্টরের সঙ্গে আলোচনা করে হাইকোর্টকে জানাবেন। এরপর শুক্রবার রিপোর্ট দিয়ে ইডি জানায় বর্তমানে দুর্নীতি সংক্রান্ত মোট ১৩১ সংক্রান্ত মামলার তদন্ত চলছে। আর তদন্তকারী অফিসারের সংখ্যা মাত্র ৬। ওপরে আরও ৪ জন অফিসার রয়েছেন।

যার অর্থ হল একজন তদন্তকারী অফিসার একা ২২টি মামলার দায়িত্বে রয়েছেন। ইডি এও জানায় আগামী ১০ অক্টোবরের মধ্যে নিয়োগ দুর্নীতির তদন্তে দিল্লি থেকে আরও অফিসার আসছেন। একবার তারা এই কাজে নিযুক্ত হলে রিপোর্ট পেশ করে জানানো হবে। এই সময়টুকুর জন্য আদালতের কাছে ইডি আবেদন জানায়। তদন্তে কোনও গাফিলতি হচ্ছেনা বলেও আদালতে জানায় ইডি।

১-ম পাতার পর

# ডেঙ্গি রুখতে একাধিক বার্তা মমতার

হু হু করে বাড়ছে আক্রান্তের সংখ্যা। ডেঙ্গি মোকাবিলায় ব্যর্থ তৃণমূল সরকার। এই অভিযোগ তুলে পথে শুক্রবার পথে নামে দুই বিরোধী দল বিজেপি ও কংগ্রেস। এদিন, স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দেয় বিজেপির মহিলা মোর্চা। বিজেপির সল্টলেকের পার্টি অফিস থেকে শুরু হয় মিছিল। কিন্তু স্বাস্থ্য ভবনের অদূরে গার্ডরেল দিয়ে মিছিল আটকায় পুলিশ। পাল্টা গার্ডরেল ভাঙার চেষ্টার করে বিক্ষোভকারীরা। দুপক্ষের মধ্যে শুরু হয় ব্যাপক ধস্তাধস্তি। দেখা যায়, পুলিশকে লক্ষ্য করে বালি ছুড়ছে বিক্ষোভকারীরা। উত্তপ্ত হয়ে ওঠে পরিস্থিতি।

১-ম পাতার পর

# পুরাণ থেকেই যুদ্ধের অস্ত্র আর কৌশলের শিক্ষা, প্রধানমন্ত্রীর পথেই নয়া প্রকল্প ভারতীয় সেনার

তামিল সাধক কবি থিরুভাল্লুভারের লেখা থিরুক্কুরাল বা কুরাল-কে বেছে নেওয়া হয়েছে এই কাজের জন্য। এই প্রাচীন পুথিগুলি থেকেই যুদ্ধের কলাকৌশল, রীতিনীতি, কূটনীতি শেখানো হবে সেনাবাহিনীকে। পাশাপাশি বর্তমান সময়ে সেই কৌশলগুলো কতখানি কার্যকরী, তাও ব্যাখ্যা করা হবে, জানা গিয়েছে এমনটাই। আসলে শিক্ষা, প্রযুক্তি, স্বাস্থ্য সব ক্ষেত্রেই ভারতীয়করণের প্রয়াস নিয়েছে কেন্দ্র। আধুনিক সময়ে যা কিছু উন্নতি, তার প্রায় সবই প্রাচীন ভারতে ছিল- এমন কথা মাঝে মাঝেই শোনা যায় শাসক দলের মুখে। জানা যাচ্ছে, সেই ভাবনা থেকেই 'উদ্ভব' নামে একটি প্রকল্প নিয়েছে সেনাবাহিনী। এই প্রকল্পের উদ্বোধন করতে গিয়ে সেনার মুখপাত্র সুধীর চামোলি বলেছেন, পুরনোর সঙ্গে নতুনের সমন্বয় ঘটানোই এই প্রকল্পের লক্ষ্য। হাজার হাজার বছর ধরে ভারতবর্ষে যে প্রশাসনিক পদ্ধতি কাজ করে গিয়েছে, তার কৌশল এবং বিবর্তনকেও খুঁজে দেখবে প্রকল্পটি। যার দরুন বর্তমান সময়ের প্রেক্ষিতে প্রাচীন কালের জ্ঞানকে কাজে লাগাতে পারবেন সেনা আধিকারিকরা।

## বাংলাদেশ থেকে বর্ডার পেরিয়ে ভারতে ঢুকছে কারা?

# ড্রোন ক্যামেরা দেখাল চাঞ্চল্যকর দৃশ্য



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** উচ্চ ক্ষমতাসম্পন্ন ড্রোন প্রযুক্তি ধরিয়ে দিচ্ছে ভারতের অন্দরে বেআইনি অনুপ্রবেশকারীদের। বাংলাদেশ থেকে বর্ডার পার করে রাতের অন্ধকারে ভারতে ঢোকা আর সহজ নয়। নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ার বিএসএফ - এর ড্রোন নজরদারিতে ধরা পড়ে যাচ্ছে বেআইনি অনুপ্রবেশ। সম্প্রতি এমনই এক ভিডিও প্রকাশ করল সীমান্ত রক্ষা বাহিনী।ভারতের সীমান্ত সংলগ্ন এলাকায় নজরদারি রাখতে বিশেষ সুবিধা করে দিয়েছে এই ড্রোন। অন্ধকারেও এর নজর অত্যন্ত তীক্ষ্ণ, ফলে কোনওভাবেই এর নজর এড়িয়ে সীমান্ত এলাকায় চোরা অনুপ্রবেশ ও অপরাধমূলক কাজ করা সম্ভবপর নয়।উন্নত মানের ড্রোন প্রযুক্তি ক্যামেরা বেশ কিছু ছবি ধরে ফেলেছে, যেগুলি এক্স মিডিয়ায় শেয়ার করেছে বিএসএফ-এর নর্থ বেঙ্গল ফ্রন্টিয়ার। বাংলাদেশের দিক থেকে রাতের অন্ধকারে ভারতের দিকে বেশ কয়েকজন মানুষের এগিয়ে আসা দেখা গেছে ওই ক্যামেরা ফুটেজে। বিএসএফ জানিয়েছে যে, ক্যামেরার নাইট ভিশন অত্যন্ত উন্নত। এর দৃশ্যে যাদের দেখা যাচ্ছে, তারা সকলেই অনুপ্রবেশকারী। সীমান্ত পেরিয়ে ভারতে ঢোকার চেষ্টা চালাচ্ছিল।

## দিনদশেকের মধ্যেই ১৮০ ডিগ্রি

# ঘুরে ট্রুডোর মুখে ভারত-প্রশংসা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডার সঙ্গে ভারতের সম্পর্কের টানাপোড়েন চলছেই। দিনদশেকের মেঘের পরে আবার রোদ উঠছে। খলিস্তানি হরদীপ সিং নিজ্জরের খুনের জন্য কানাডার পার্লামেন্টে দাঁড়িয়ে ভারতকে নিশানা করেছিলেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো স্বয়ং। এর জেরে ভারতও কড়া প্রতিক্রিয়া দেয়। কানাডা ভারতের এক কূটনীতিককে কানাডা থেকে বহিষ্কারও করে। পাল্টা জবাবে ভারতও দিল্লিতে নিযুক্ত কানাডার এক কূটনীতিককে বহিষ্কার করে। এর পরে কানাডার নাগরিকদের জন্য ভিসা দেওয়া বন্ধ করার কথা ঘোষণা করে ভারত। ফের বিজ্ঞপ্তি না দেওয়া পর্যন্ত কানাডিয়ানদের জন্য ভিসা পরিষেবা বন্ধ রাখার কথাই জানানো হয়েছে ভারতের তরফে।দুদেশের সম্পর্কে তিক্ততা বাড়ছিল। তবে দেড় সপ্তাহ যেতে না যেতেই সুর নরম করে জাস্টিন ট্রুডো ভারতের সঙ্গে সুসম্পর্কের কথাও বললেন।শুক্রবার কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো বলেন-- বিশ্বের অন্যতম বৃহত অর্থনৈতিক শক্তি হিসেবে উঠে আসছে ভারত। আন্তর্জাতিক মঞ্চে ভারত এখন উদীয়মান শক্তি। কানাডা চায় ভারতের সঙ্গে তাদের সম্পর্ক আরও নিবিড় হোক। কয়েকদিনের তিক্তসম্পর্কের প্রেক্ষিতে খুবই তাৎপর্যপূর্ণ কানাডার এই সুরবদল।

প্রসঙ্গত, কয়েকদিন আগেই ভারতে এসে রাজকীয় আতিথ্যের উষ্ণতা উপভোগ করে গিয়েছেন ট্রুডো। কিন্তু এর ঠিক পরেই ভারত-কানাডা সম্পর্কে অবনতি ঘটে। গত কয়েক দিনে সেই অবনতি চরম পর্যায়ে পৌঁছয়। এমনকি রাষ্ট্রসংঘের অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রে থাকাকালীন ট্রুডো ভারতীয় সাংবাদিকদের প্রশ্নের কোনও জবাব পর্যন্ত দেননি।চলতি বছরের জুনে শিখনেতা হরদীপ সিং নিজ্জরের হত্যাকাণ্ডে ভারত জড়িত-- সরাসরি এমন অভিযোগ এনেছেন কানাডার প্রধানমন্ত্রী। জুনে কানাডার মাটিতে খুন হন নিজ্জর। ট্রুডোর দাবি, তাঁর সরকারের কাছে বিশ্বাসযোগ্য তথ্য রয়েছে, খালিস্তানি সন্ত্রাসবাদী হরদীপ সিং হত্যার সঙ্গে ভারত সরকারের এজেন্টরাই যুক্ত। এর পর থেকেই ভারত-কানাডার মধ্যে কূটনৈতিক সম্পর্কের অবনতি ঘটে।






# মোট কত হাজার পরমানু বোমা বর্তমানে পৃথিবী জুরে একটিভ আছে?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বেশ কিছুদিন ধরে পরমাণু অস্ত্র ইস্যুতে সারা বিশ্বের মাথা ব্যাথায় কারণ হয়ে দাঁড়িয়েছে উত্তর কোরিয়া। পারমানবিক অস্ত্র ইস্যুতে প্রায়ই বাগযুদ্ধে জড়িয়ে পড়ছে যুক্তরাষ্ট্র এবং উত্তর কোরিয়া। সর্বশেষ মার্কিন যুক্তরাষ্ট্র নিজের পারমাণবিক অস্ত্রভান্ডারের 'উন্নয়ন ও আধুনিকায়ন' করার পরিকল্পনা ঘোষণা করার পর চীন, রাশিয়া এবং ইরানের সমালোচনার মুখে পড়েছে।আর্মস কন্ট্রোল এসোসিয়েশনের তথ্য মতে, পৃথিবীতে বর্তমানে মোট ১৫ হাজার পরমাণু অস্ত্র রয়েছে যার বেশিরভাগই রাশিয়া এবং যুক্তরাষ্ট্রের দখলে। যার মধ্যে দশ হাজারের কম রয়েছে মিলিটারি সার্ভিসের হাতে। রাশিয়া, যুক্তরাষ্ট্র, চীন, ফ্রান্স এবং যুক্তরাজ্য এই পাঁচটি দেশের কাছে পারমাণবিক অস্ত্র থাকার বিষয়টি স্বীকৃত। স্টকহোম আন্তর্জাতিক শান্তি গবেষণা ইন্সটিটিউট সিপ্রি-র তথ্য অনুসারে, রাশিয়ার কাছে বর্তমানে সবচেয়ে বেশি পারমাণবিক অস্ত্র রয়েছে। দেশটিতে এ ধরনের পারমাণবিক অস্ত্রের সংখ্যা সাত হাজার।

দ্বিতীয় অবস্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। তাদের কাছে রয়েছে ৬,৮০০টি পারমাণবিক বোমা। তৃতীয় অবস্থানে থাকা ফ্রান্সের কাছে রয়েছে তিনশ'র পারমানবিক ওয়ারহেড। এগুলোর অধিকাংশই রয়েছে সাবমেরিনে।

চতুর্থ অবস্থানে রয়েছে চীন। তাদের কাছে রয়েছে ২৭০টি পারমাণবিক বোমা। অন্যদিকে, যুক্তরাজ্যের কাছে রয়েছে ২১৫টি পারমাণবিক বোমা।

এই পাঁচ দেশের বাইরে পাকিস্তানের কাছে রয়েছে ১৩০ থেকে ১৪০টি পারমাণবিক বোমা যা কিনা দক্ষিণ এশিয়ার মধ্যে সবচেয়ে বেশি। ভারতের কাছে রয়েছে ১২০ থেকে ১৩০টি।

বিশেষজ্ঞদের মতে ইসরায়েলের কাছে ৮০টির মতো পারমাণবিক 'ওয়ারহেড' আছে। আর উত্তর কোরিয়ার কাছে রয়েছে ১০ থেকে ২০টির মতো পারমাণবিক বোমা।যদিও তাদের সবার কাছেই রয়েছে পারমানবিক বোমা। এখনই যে পরিমাণ পরমাণু অস্ত্র ভাণ্ডার পৃথিবীতে মজুদ রয়েছে তা দিয়ে পুরো পৃথিবীকে বেশ কয়েকবার ধ্বংস করে ফেলা সম্ভব।

পরমাণু বোমাগুলো অনেক ক্ষেত্রে বসানো আছে ক্ষেপণাস্ত্রের মাথায়। তাছাড়া বিভিন্ন সামরিক বিমান-ঘাঁটিতে বা অস্ত্রের গুদামেও রয়েছে পরমানু বোমাগুলো। বিভিন্ন দেশে এখন শত শত পারমাণবিক বোমা বসানো-ক্ষেপণাস্ত্র মোতায়েন করা আছে। আমেরিকান ক্ষেপণাস্ত্রগুলো বসানো আছে বেলজিয়াম, জার্মানি,ইতালি, নেদারল্যান্ডস, এবং তুরস্কে। রাশিয়া এবং ফ্রান্সের কাছে থাকা পারমানবিক বোমাগুলোর অধিকাংশই রয়েছে সাবমেরিনে। এই ধরনের পরমানু বোমার সংখ্যা দেড়শর মতো। আর ১৮০০ পরমানু বোমা রয়েছে যেগুলো খুব কম সময়ের নোটিশেই নিক্ষেপ করা সম্ভব।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৭০ সংখ্যা ০১ অক্টোবর, ২০২৩ রবিবার ১৩ আশ্বিন, ১৪৩০

## সম্পাদকীয়

# কংগ্রেসের সঙ্গে চাপানউতোর আম আদমি পার্টির

মাদক মামলায় পঞ্জাবের কংগ্রেস নেতা তথা বিধায়ক সুখপাল সিং খাইরাকে গ্রেফতার করেছে পুলিশ। তা নিয়েই শুরু হয়েছে আপ এবং কংগ্রেস নেতৃত্বের চাপানউতোর। তাদের দলের নেতাকে গ্রেফতার করে আম আদমি পার্টি ইন্ডিয়া জোটের শর্ত লঙ্ঘন করেছে বলে অভিযোগ করেছে কংগ্রেস। এই বিতর্কের মধ্যেই আপ নেতা তথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরীওয়াল জানিয়ে দিলেন, ইন্ডিয়া জোটের প্রতি দায়বদ্ধ তিনি।

শুক্রবারের সভায় বিজেপি ও কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে জনবিরোধী নীতি গ্রহণের অভিযোগ তোলেন ইন্ডিয়া জোটের নেতারা। দ্রুত আসন সমঝোতা পর্ব মিটিয়ে ফেলার দাবি তোলেন ডেরেক ও ব্রায়েন। তাঁর দাবি, যত দ্রুত সম্ভব এই পর্বটি সম্পন্ন করতে হবে। রাঘব চাড্ডা এবং পরিণীতি চোপড়ার বিয়ের অনুষ্ঠানেও গিয়েছিলেন ডেরেক। সেখানে আপ নেতা ও দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এবং পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভাগবন্ত মানের সঙ্গে আসন সমঝোতা নিয়ে আলোচনা হয় তাঁর। আম আদমি পার্টিও দ্রুত আসন সমঝোতা পর্ব মিটিয়ে ফেলার পক্ষে।কেজরীওয়াল বলেন, "আমি শুনেছি কংগ্রেস নেতাকে গ্রেফতার করেছে পঞ্জাব পুলিশ। তবে তার বিস্তারিত তথ্য আমি জানি না। আমি পুলিশের থেকে বিস্তারিত তথ্য জানব। মাদকের বিরুদ্ধে আমি অভিযান শুরু করেছি। কোনও বিশেষ ব্যক্তি সম্পর্কে আমি কিছু বলতে পারব না। তবে মাদকের রমরমা কারবার শেষ করতে প্রতিশ্রুতিবদ্ধ।"


তবে কংগ্রেস বিধায়কের গ্রেফতারি নিয়ে আপ ও কংগ্রেসের মধ্যে বাকযুদ্ধ শুরু হয়েছে। কংগ্রেস সভাপতি মল্লিকাজুর্ন খাড়গে বলেন, " কেউ যদি আমাদের প্রতি অবিচার করে আমরা তা সহ্য করব না।" তিনি আরও বলেন, " আমরা বিস্তারিত খোঁজ নেব। তবে যদি দেখি অবিচার করা হয়েছে, তাহলে তারা বেশিদিন টিকতে পারবে না।" কংগ্রেসের অভিযোগ, তাদের দলের নেতাদের টার্গেট করছে আপ। ফলে ইন্ডিয়া জোট নিয়ে দেখা দিয়েছে উদ্বেগ।এদিকে, দিন কয়েক আগে হরিয়ানায় আইএনএলডি-র প্রতিষ্ঠাতা প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী দেবীলালের জন্মবার্ষিকী পালন অনুষ্ঠানে গরহাজির ছিল আপ এবং কংগ্রেস। তবে উপস্থিত ছিল জেডিইউ, আরজেডি, সমাজবাদী পার্টি, তৃণমূল। তৃণমূলের পক্ষ থেকে উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ এবং দলনেতা ডেরেক ও ব্রায়েন। জেডিইউয়ের নীতীশ কুমার, ন্যাশনাল কনফারেন্সের ফারুক আবদুল্লা, সমাজবাদী পার্টির নেতা শিবপাল যাদবরা উপস্থিত ছিলেন।

# রুশ নির্ভরতা কাটিয়ে ভারত এখন অনেকটাই আমেরিকা ঘেঁষা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : বিশ্ব কাঁপাচ্ছে চিনের উত্থান। সাগর থেকে নগরে লালফৌজের দাপট আন্তর্জাতিক মঞ্চে তৈরি করছে অচিন্তনীয় সমীকরণ। ফলস্বরূপ, রুশ নির্ভরতা কাটিয়ে ভারত এখন অনেকটাই আমেরিকা ঘেঁষা। এবার 'ড্রাগনে'র বিরুদ্ধে অস্ত্রে শান দিতে বরফের রাজ্যে সামরিক মহড়া শুরু করেছে দুদেশের সেনাবাহিনী। তাৎপর্যপূর্ণ ভাবে, ২২ জুলাই থেকে ৪ আগস্ট পর্যন্ত সামরিক মহড়া চালায় তেরোটি দেশ। অস্ট্রেলিয়ার পৌরহিত্যে এর পোশাকি নাম 'ট্যালিসম্যান সেবার' বা জাদু তলোয়ার'। ওই মহড়ায় অংশ নেয় আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স, জার্মানি ও জাপানের মতো দেশগুলোর প্রায় ৩৪ হাজার সেনা। জলে, স্থলে, জঙ্গলে ও আকাশে যুদ্ধের কৌশল ঝালিয়ে নেয় তারা। ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চিনের 'দাদগিরি'র মাঝে এই মহড়া বিশেষ বার্তাবহ। ট্যালিসম্যান সেবারে অংশ নিতে ভারতকে একাধিকবার আমন্ত্রণ জানিয়েছিলেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ। কিন্তু চিনের গোঁসা হতে পারে ভেবেই নাকি সেই প্রস্তাব প্রত্যাখ্যান করে ভারত। তবে, ভারত মহাসাগর বা প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে যে লালফৌজের গাজোয়ারি মেনে নেওয়া হবে না সেই বার্তা দিয়ে গত আগস্টে মালাবার মহড়ায় অংশ নেয় নয়াদিল্লি।প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, বরফের রাজ্য আলাস্কায় সামরিক মহড়া শুরু করেছে ভারত ও আমেরিকার ফৌজ। ২৫ সেপ্টেম্বর থেকে শুরু হওয়া এই মহড়ার পোশাকি নাম 'যুদ্ধ অভ্যাস'। চলবে দুসপ্তাহ ধরে। লড়াইয়ের ময়দানে দুই মিত্র বাহিনীর মধ্যে সমন্বয় বাড়িয়ে তোলা এবং যুদ্ধের কৌশল ঝালিয়ে নেওয়াই এর উদ্দেশ্য। তবে এমন মহড়া এই প্রথম নয়। ২০০৪ সাল থেকেই দুই দেশের বাহিনীর মধ্যে চলছে 'যুদ্ধ অভ্যাস'। নজরে মূলত, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল। বিশ্লেষকদের মতে, সামরিক উদ্দেশ্য সাধন ছাড়াও বেজিংকে বার্তা দেওয়াও এই মহড়ার অন্যতম উদ্দেশ্য।

উল্লেখ্য, গালওয়ান সংঘর্ষের পর থেকেই বারুদের স্তূপের উপর দাঁড়িয়ে লাদাখ সীমান্ত। সংঘাতের অন্যতম কেন্দ্রবিন্দু গোগরা-হটস্প্রিং থেকে সেনা সরালেও দেপসাং সমতলে মজুত লালফৌজ। এই প্রেক্ষাপটে বেজিংকে কৌশলী বার্তা দিয়েছে নয়াদিল্লি। সম্প্রতি 'চিন বিরোধী' জোটের সামরিক মহড়ায় শামিল না হলেও মালাবার নৌ-মহড়ায় অংশ নিয়েছে ভারত।

## বাঙালি ধর্ম ও সমাজ সংস্কারক মহাপ্রভু চৈতন্যদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

বৈষ্ণব ধর্মের অন্যতম পীঠস্থান নবদ্বীপের প্রতিটি আনাচে কানাচে ছড়িয়ে রয়েছে অগণিত মঠ-মন্দির।একইসঙ্গে সমগ্র শহর জুড়ে রয়েছে শুধুই মহাপ্রভুর স্মৃতি বিজড়িত মধুর ইতিহাস।' এবার আমরা প্রবেশ করছি আলোচনার মূল পর্বে অর্থাৎ বহু বিতর্কিত মহাপ্রভুর প্রকৃত জন্মস্থান প্রসঙ্গে। প্রচলিত মত অনুযায়ী ১৪৮৬ খ্রিস্টাব্দের ১৮ ফেব্রুয়ারি (২৩ শে ফালগুন, ১৪০৭ শকাব্দ)

ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পিতা-মাতা মানব জীবনের গুরুত্ববহ ও অপরিহার্য



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



মা, বাবা ও গুরু মানব জীবনের গুরুত্ববহ ও অপরিহার্য। মহাভারতে যুধিষ্ঠির পিতামহ ভীষ্মকে জিজ্ঞেস করছেন- "হে পিতামহ! ধর্মের পথ বিরাট দীর্ঘ আর এর শাখা-প্রশাখা অনন্ত, ধর্মের এত কিছু মানুষ কি করে মাথায় ধরে রাখবে আর পালনই বা করবে কি করে? তাই সংক্ষেপে ধর্মের কথা কিছু বলুন যাতে খুব সহজ ভাবে ধর্মের অনুশীলন করা যায়। তখন ভীষ্ম বলছেন- খুব সংক্ষেপে যদি ধর্মের কথা বলতে হয় তাহলে মা, বাবা আর গুরু এই তিনজনের যদি পূজা করা হয় তাতেই প্রধান ধর্ম পালন করা হয়ে যায়।তবে সাধারণত হিন্দু সমাজে কিছু মানুষ দেবতা ও ভগবানের পার্থক্য জানে না। ইন্দ্র, চন্দ্র, বরুণ, শিব, দুর্গা, কালী প্রভৃতি দেবতাদের সঙ্গে বিষ্ণু, নারায়ণ, রাম, নৃসিংহ, বামন প্রভৃতি ভগবানের সম পর্যায়ভুক্ত বলে মনে করে থাকেন। এটি আমাদের জানা উচিত যে ভগবান ও দেবতাদের মধ্যে বিরাট পার্থক্য আছে। আর আমাদের একটা বিষয় হলো মন চাইলো আর ভগবান অমুক তমুক। তবে ঈশ্বর গুনের অধিকারী যে কেউ ভগবান বলে পুজ্য, তার অর্থ এই নয় যে ভগবান, ভগবান হচ্ছেন সেই যে আংশিক বা পূর্ণ অবতার রুপে স্বরুপোমান। দেবতারা হচ্ছেন ভগবানের দ্বারা নিযুক্ত এ জড়জগতের বিভিন্ন কার্য সম্পাদনের নিয়ন্ত্রণ কর্তা। যে ভাবে অগ্নি দেবতা অগ্নি নিয়ন্ত্রণ করেন; বরুণদেব জলের নিয়ন্ত্রণ করেন; বায়ু দেবতা বায়ু নিয়ন্ত্রণ করেন ইত্যাদি। শাস্ত্র অনুসারে দেবতারা জীবতত্ত্ব। যে কোন জীব ভগবান থেকে বিশেষ শক্তি প্রাপ্ত হয়ে দেবতাদের আসন গ্রহণ করতে পারেন। কিন্তু ভগবান জীবতত্ত্ব নন, তিনি হচ্ছেন বিষ্ণু তত্ত্ব। দেবতাদের আধিপত্য এই জড়জগতে সীমাবদ্ধ, কিন্তু ভগবানের আধিপত্য বা ঐশ্বরত্বের প্রভাব জড় ও চিন্ময় জগত সর্বত্র ব্যাপ্ত। দেবতারা মানুষকে একমাত্র ভৌতিক সুখ-স্বাচ্ছন্দ্য প্রদান করতে পারেন, কিন্তু মুক্তি দিতে পারেন না। ভগবান জীবকে মুক্তি প্রদান করতে পারেন। দেবতারা মায়াধীন, কিন্তু ভগবান হচ্ছেন মায়াধীশ। সৃষ্টি ও প্রলয়কালে দেবতাদেরও প্রভাবিত হতে হয়, কিন্তু ভগবান নিত্য বর্তমান এবং তার ধামও নিত্য বর্তমান। এইভাবে ইন্দ্রলোক, চন্দ্রলোক প্রলয়ের সময়ে সব ধ্বংস প্রাপ্ত হবে। কিন্তু ভগবানের ধাম- বৈকুণ্ঠ, অযোধ্যা, গোলক বৃন্দাবন ইত্যাদি ধ্বংস প্রাপ্ত হবে না। ইন্দ্র, চন্দ্র প্রভৃতি দেবতাগণ প্রকৃতির তিনটি গুণ দ্বারা পরিচালিত হয়ে থাকেন। কিন্তু ভগবান শ্রীকৃষ্ণ, রাম, নারায়ণ প্রভৃতি গুণাতীত। তাদের কার্যকলাপ প্রকৃতির তিনটি গুণ দ্বারা নিয়ন্ত্রিত হয় না। সাধারণ মানুষ এই সমস্ত পার্থক্য বুঝতে পারে না। দেবতা ও ভগবানকে এক বা সমপর্যায় বলে মনে করে থাকে। এটি অবশ্য জেনে রাখা উচিত আমাদের বৈদিক সাহিত্যে তেত্রিশ কোটি দেবতাদের বর্ণনা করা হয়েছে। শাস্ত্রানুসারে যারা বিভিন্ন জাগতিক সুখ-স্বাচ্ছন্দ্য বা বিভিন্ন ফল অতি সত্ত্বর লাভ করতে চান, তারা ভিন্ন ভিন্ন দেবতাদের উপাসনা করতে পারেন। কিন্তু সেটি বুদ্ধিমান মানুষের কাজ নয়, কেননা জাগতিক ফল অনিত্য। যারা বুদ্ধিমান ব্যক্তি তারা ভগবানের শরণাগত হন। এভাবে সমস্ত দেবতাদেরকে ভগবান বলে উপাসনা করা ঠিক নয়। তার সঙ্গে সঙ্গে এটুকুও জানতে হবে যে দেবতাদের ভগবানের সমান না হলেও তাঁরা ভগবানের অতি নিজজন, তাঁরা পূজ্য, তাই দেবতাদের শ্রদ্ধা করা মানুষের কর্তব্য। দেবতাদের পূজা করা, শ্রদ্ধা করা কর্তব্য। কারন দেবতারা ঈশ্বরের অংশ , কিন্তু ভগবানকে ভক্তি করতে হয়। এভাবে মানুষের ভগবান ও দেবতাদের মধ্যে পার্থক্য জেনে শ্রদ্ধাযুক্ত হয়ে ভগবানের ভক্ত হওয়া কর্তব্য। তা না হলে দুর্লভ মনুষ্য জীবনের আসল লক্ষ্যে পৌছাতে পারবে না।সেই কারনে তিনটে লোক পূজা করুনু স্বর্গ, মর্ত ও পাতাল। মা, বাবা আর গুরু এই তিনজন হলেন এই তিনটে লোক, এই তিন জনের বাইরে আর কিছু নেই। তুমি যে লোকই জয় করতে চাও, এঁদেরকে দিয়েই তুমি জয় পেয়ে যাবে। এই ত্রিবিধ গুরুই তিন আশ্রম, এই ত্রিবিধ গুরুই তিন বেদ এবং এই ত্রিবিধ গুরুই তিন অগ্নি। পুরানে গণেশ আর কার্তিকের কাহিনীর মাধ্যমে ঠিক এই জিনিষটাই বর্ণনা করা হয়েছে। কার্তিক আর গণেশকে বলা হল যে আগে এই তিনটে লোক ধুরে আসতে পারবে তাঁকে এই হার উপহার দেওয়া হবে। কার্তিক তার ময়ূরে করে বেরিয়ে পড়ল তিনটে লোক ঘুরে আসতে। গণেশ তার ইঁদুরের পিঠে চেপে মাকে একবার প্রদক্ষিণ করে এসে বলল, আমার তিনলোক পরিভ্রমণ করা হয়ে গেল। মা, বাবা আর গুরু তিনটি লোক, আর এঁরাই হচ্ছেন তিনটে আশ্রম ু ব্রহ্মচর্য, গার্হস্থ্য ও বাণপ্রস্থ। এঁদের পূজা করলে তিনটে আশ্রমের ফল এমনিই পাওয়া যায়। তিনটে বেদ ু ঋক, সাম ও যজু। মা, বাবা আর গুরুই এই তিনটে বেদ। বেদে যে তিন ধরণের অগ্নির কথা বলা হয়েছে মা, বাবা ও গুরুই এই তিনটে অগ্নি। বেদে অনেক রকমের অগ্নির ব্যবহারের কথা বলা হয়, এর মধ্যে পঞ্চাগ্নি, অগ্নিত্রয়, যেমন গৃহস্থদের তিনটে আগুনের ব্যবহার করতে হত এবং আরও নানা সংখ্যার অগ্নির কথা আছে। মূল কথা হল এই জগতে যা কিছু শ্রেষ্ঠ আছে, এই তিনজনের যদি সেবা করা যায় তাহলেই শ্রেষ্ঠ সব কিছু এসে যায়। সেইজন্য হে যুধিষ্ঠির এই তিনজনের প্রতি সব সময় শ্রদ্ধা সম্মান বজায় রেখে চলবে। যুধিষ্ঠিরের তখন বাবা ছিলেন না কিন্তু মা আর গুরু ছিলেন। তুমি এই দুজনকে সব সময় সেবা করে যাবে। কুরুক্ষেত্রের যুদ্ধে যখন যুধিষ্ঠিরের উপর রেগে গিয়ে অর্জুন তলোয়ার বার করেছে দাদাকে কেটে ফেলবে বলে তখন শ্রীকৃষ্ণ অর্জুনকে বলছেন 'অর্জুন তুমি মনে হয় কোন দিন গুরুজনদের সেবা করনি, তা নাহলে এইভাবে তিড়িং করে লাফিয়ে দাদাকে কাটবার জন্য তলোয়ার বার করতে যেতে না।' গুরুজনকে যদি খুব শ্রদ্ধা না কর তবে তুমি শেষ, এই হচ্ছে ধর্মের খুব সংক্ষিপ্ত পরিভাষা। ভীষ্ম বলছেন, যারা এই তিনজনকে সম্মান করে দিল জেনে নাও তারা এই তিনটে লোককে সম্মান দিয়ে দিল। এই তিনজনকে যে অনাদর

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## 'দাদা সাহেব ফালকে' পুরস্কার পাচ্ছেন ওয়াহিদা রহমান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দাদাসাহেব ফালকে পুরস্কার ভারতের সর্বোচ্চ চলচ্চিত্র পুরস্কার। এবার এই সম্মাননা পাচ্ছেন বলিউডের বর্ষীয়ান অভিনেত্রী ওয়াহিদা রহমান। ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের জন্য দাদা সাহেব ফালকে আজীবন সন্মাননা পুরস্কার দেওয়া হবে তাকে। মঙ্গলবার কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ ঠাকুর ঘোষণা করেন এই পুরস্কার।

অনুরাগ ঠাকুর বলেন, 'রেশমা' ও 'শেরা' সিনেমার জন্য পেয়েছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কার। ওয়াহিদাজি পেয়েছেন পদ্মশ্রী আর পদ্মভূষণ সম্মানও। তিনি একজন ভারতীয় নারী শক্তির প্রকৃষ্ট উদাহরণ যিনি, কঠোর পরিশ্রমের সঙ্গে নাম করেছেন পেশাদার দুনিয়ায়।'

ভারতীয় চলচ্চিত্রের অন্যতম উজ্জ্বল অভিনেত্রী ওয়াহিদা রহমান। 'গাইড', 'প্যায়াসা', 'কাগজ কে ফুল', 'সাহেব বিবি গোলাম', 'খামোশি'র মতো ছবি ভারতীয় সিনেমার ইতিহাসে নতুন ধারার সৃষ্টি করে।

শুধু বক্স অফিস নয়, তার অসাধারণ অভিনয় মন কেড়েছিল দর্শক থেকে ফিল্ম সমালোচকদেরও। প্রায় ৫ দশক ধরে সিনেমার পর্দায় দাপিয়ে অভিনয় করেছেন ওয়াহিদা। ২০১৫ সালে কমল হাসান অভিনীত 'বিশ্বরূপম ২' ছবিতে দেখা গিয়েছিল তাকে।

১৯৫৬ সালে 'সিআইডি' ছবি থেকে অভিনয়ে জগতে পা রাখেন ওয়াহিদা। এ ছবির সাফল্যের পর ১৯৫৭ সালে 'প্যায়াসা' ছবিতে নায়িকার ভূমিকায় অভিনয় করেন। সত্যজিৎ রায়ের 'অভিযান' ছবিতেও অভিনয় করেন। বলিউডের গুঞ্জন পাড়াতেও এক সময় ওয়াহিদা ছিলেন হট ফেভারিট। তবে শুধু সিনেমা নয়, নানা সমাজসেবার সঙ্গেও যুক্ত থাকেন বলিউডের এই বর্ষীয়ান অভিনেত্রী।

## আমিরের সিনেমায় ফারিণের অভিনয়!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** শোবিজের ব্যস্ত নায়িকা তাসনিয়া ফারিণ। খুব অল্প সময়েই সাবলীল অভিনয়ে দর্শকদের হৃদয় ছুঁয়ে গেছেন এই অভিনেত্রী। বর্তমানে দেশের গণ্ডি পেরিয়ে অভিনয়ের দ্যুতি ছড়াচ্ছেন পশ্চিমবঙ্গেও। বরাবরই খুব হালকা সাজে দেখা যায় ফারিণকে। এমনকি কিছুদিন আগেও নিজের বিয়েতে হালকা মেকাপেই নেটিজেনদের নজর কাড়েন লাস্যময়ী এই অভিনেত্রী।

কিন্তু হঠাৎ করেই বিয়ে তারপর স্বল্প সময়ের জন্য হানিমুন এবং শুটিংয়ের জন্য অস্ট্রেলিয়ায় অবস্থান করেছিলেন তিনি। সেখান থেকে দেশে ফিরেছেন তিনি।

দেশে ফিরেই দেখেন কিছু নিউজ পোর্টাল 'আমির খানের নায়িকা হচ্ছেন ফারিণ' এমন শিরোনামে নিউজ করেছে। যা দেখে বিব্রতকর পরিস্থিতিতে পড়েছেন তিনি।

এ প্রসঙ্গে ফারিণ বলেন, কয়েকটি সংবাদমাধ্যমে আমি এ খবরটি দেখেছি। তবে আমার সঙ্গে কথা না বলে নিউজ করায় একটু উল্টো হয়ে গেছে বিষয়টা। এটা আমার জন্য বিব্রতকর। আমি আমির খানের প্রযোজনা কিংবা বলিউডের কোনো সিনেমায় চুক্তিবদ্ধ হইনি। এমনকিছু হলে অবশ্যই আমি জানাতাম।

তাহলে কেন আমির খানের সঙ্গে ফারিণকে জড়িয়ে এমন সংবাদ ছড়ানো হচ্ছে? এর কারণ আমির খানের সঙ্গে ফারিণের কোনো যোগসূত্র না থাকলেও তার সঙ্গে চুক্তিবদ্ধ হওয়া সিনেমার পরিচালকের সঙ্গে সংযোগ আছে।

ফারিণ টালিউডের 'পাত্রী চাই' সিনেমায় অভিনয় করবেন। এটির পরিচালক বিপ্লব গোস্বামী। তার চিত্রনাট্যে বলিউডে নির্মিত 'লাপাতা লেডিস' সিনেমা প্রযোজনা করেছেন আমির খান। ওই সিনেমা পরিচালনা করেন আমিরের সাবেক স্ত্রী কিরণ রাও।

'পাত্রী চাই' সিনেমায় ফারিণের নায়ক অর্জুন চক্রবর্তী। বিপ্লব গোস্বামীর পরিচালনায় এই ছবিতে সব্যসাচী চক্রবর্তী, মমতা শঙ্করের মতো জনপ্রিয় অভিনয়শিল্পীরা অভিনয় করবেন। ফারিণ ও অর্জুন জুটিকে কেন্দ্র করেই সাজানো হয়েছে সিনেমার গল্প।

ফারিণ জানান, ইতোমধ্যে এ সিনেমায় অভিনয়ের জন্য চুক্তিবদ্ধ হয়েছেন তিনি। এতে তার চরিত্র কেমন- সেই বিষয়ে এখনই বিস্তারিত জানাতে চাননি।

প্রসঙ্গত, ১৯৯৭ সালে ৩০ জানুয়ারি খুলনার মেহেরপুর জেলায় জন্মগ্রহণ করেন এই অভিনেত্রী। তবে বাবার সরকারি চাকরির সুবাদে কক্সবাজার, চিটাগাং, পাবনাতেও থেকেছেন তিনি। শিক্ষাজীবনে তিনি হলিক্রস স্কুল, কলেজে ও বর্তমানে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) থেকে গ্র্যাজুয়েট হয়েছেন।

২০১৭ সালে মায়ের ইচ্ছায় অভিনয় জগতে আসেন তিনি। 'আমরা আবার ফিরবো কবে' এই নাটকের মাধ্যমে ছোট পর্দায় তার অভিষেক হয়। তাসনিয়ার উল্লেখযোগ্য নাটকের মধ্যে 'চারকাহন', 'টাপুর-টুপুর', 'দৌড়া বাজান', 'পুলিশ একজন মানুষ', 'লাড্ডু সোনা', 'মাস্ক' এ অভিনয়ের জন্য প্রশংসিত হয়েছেন তিনি।

এ ছাড়া জি ফাইভের ওয়েব সিরিজ 'ট্রল', 'লেডিস অ্যান্ড জেন্টলম্যান', 'পাশের বাসার মেয়ে', 'নেটওয়ার্ক এর বাইরে' অভিনেত্রীকে দেখা গেছে ভিন্ন ভিন্ন চরিত্রে। চঞ্চল চৌধুরীর সঙ্গে 'কারাগার' সিরিজেও অভিনয় করে প্রশংসা কুড়িয়েছেন তিনি। নিজের অভিনয় গুনে, নানা ভঙ্গিমা ও হাসিতে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছেন তাসনিয়া ফারিণ।

## নতুন মাইলফলক ছুঁলেন শাহরুখ



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বক্স অফিসজুড়ে চলছে শাহরুখ ঝড়। মাত্র নয় মাসের ব্যবধানে বক্স অফিসে দুই-দুইটি হাজার কোটি রুপির ছবি উপহার দিয়েছেন শাহরুখ খান। গড়েছেন ইতিহাস। ছুঁলেন নতুন মাইলফলক।

মাত্র ১৮ দিনে শাহরুখ খানের 'জওয়ান' হাজার কোটির ঘর অতিক্রম করেছে। এখন পর্যন্ত ভারতের বক্স অফিসের ইতিহাসে কোনো সুপারস্টারের দুটি ছবি একই বছরে দুইবার হাজার কোটির গণ্ডি পেরোতে পারেনি। জওয়ান ও পাঠানের হাত ধরে সেই রেকর্ড ভেঙে শাহরুখ গড়লেন ইতিহাস।

তিনটি ভাষায় (তামিল, তেলুগু, হিন্দি) মুক্তি পাওয়া 'জওয়ান' ঝড় তুলেছিল সিনেমা হলে। দলে দলে শাহরুখ ভক্তরা প্রথমদিন থেকেই হলমুখি হয়েছেন বড়পর্দায় শাহরুখকে দেখতে। প্রথমদিনেই সারা বিশ্বজুড়ে এই ছবি ছাড়িয়েছিল ১০০ কোটির গণ্ডি। ১৮ দিনের মাথায় পার করল ১০০০ কোটি। শুধু ভারতে হিন্দি ছবিটি ব্যবসা করেছে ৫০৫.৯৪ কোটি। তামিল ও তেলুগু ভাষায় এই ছবি তিন সপ্তাহে ব্যবসা করেছে ৫৭.২৬ কোটি। যা পাঠানের তুলনায় কিছুটা বেশি।

প্রসঙ্গত, অ্যাকশন, রোমান্সে, সামাজিক বার্তার মিশেলে এই ছবির গল্প ও পরিচালকের আসনে বাজিমাত করেছেন অ্যাটলি। শাহরুখ ছাড়াও এই ছবিতে অন্যতম মুখ্য চরিত্রে দেখা রয়েছেন বিজয় সেতুপতি, নয়নতারা, সানিয়া মালহোত্রা, প্রিয়ামণি ও দীপিকা পাড়ুকোনকে। ক্যামিও চরিত্রে রয়েছেন সঞ্জয় দত্ত। ছবিতে দ্বৈত চরিত্রে দেখা যায় শাহরুখকে, গল্পে রয়েছে বেশ কয়েকটি টুইস্ট, সব মিলিয়ে দর্শকদের উত্তেজনা তুঙ্গে।

## 'জওয়ান'-এ দীপিকাকে বেশি গুরুত্ব দেয়ায় ক্ষুব্ধ নয়নতারা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাহরুখ খানের হাত ধরে বলিউডে আত্মপ্রকাশ করেছেন দক্ষিণী অভিনেত্রী নয়নতারা। জওয়ানে দর্শক থেকে সমালোচক সকলেই মুগ্ধ হয়েছেন এই লেডি সুপারস্টারের অভিনয়ে। তবে ছবিটিকে ঘিরে এবার নতুন এক বিতর্ক ডালপালা মেলেছে।

নয়নতারার ঘনিষ্ঠমহলের দাবি, 'জওয়ান' রিলিজের পর থেকেই 'মুড অফ' এ নায়িকার। আপাতত নাকি নতুন কোনও ছবির চিত্রনাট্য নিয়েও ভাবছেন না তিনি! অভিনেত্রীর এক ঘনিষ্ঠ সুত্র জানিয়েছে, জওয়ান নির্মাতা অ্যাটলির উপর মনঃক্ষুণ্ন নয়নতারার। এডিটের সময় তার বেশ কিছু গুরুত্বপূর্ণ দৃশ্য ছেঁটে ফেলা হয়েছে। সে সকল জায়গায় বাড়ানো হয়েছে দীপিকা পাড়ুকোনের চরিত্র। নয়নতারা ভাবছেন এর মাধ্যমে তাকে একপ্রকার সাইডলাইন করা হয়েছে।

নয়নতারার এমন দাবি অস্বীকার করারও উপায় নেই। কারণ শুরু থেকেই জানানো হয়েছিল, এই ছবিতে ক্যামিও চরিত্রে একটি ভূমিকায় থাকবেন দীপিকা। কিন্তু সিনেমায় দীপিকার ভূমিকা দেখে অবাক হয়েছেন দর্শকরাও। বেশ গুরুত্বপূর্ণ একটি চরিত্রেই অভিনয় করেছেন তিনি। সেইসঙ্গে শাহরুখের সঙ্গে দীপিকার রোম্যান্স থেকে ইমোশনাল মুহূর্ত ছিল ছবির গুরুত্বপূর্ণ অংশজুড়ে।

এই বিষয়টিই নাকি মোটেও পছন্দ হয়নি নয়নতারারা। সিনেমায় লিড রোলে থেকেও তাকে গুরুত্ব কম দেওয়া হয়েছে বলে মনে করছেন তিনি। যদিও এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে কোনো মন্তব্য করতে দেখা যায়নি দক্ষিনী সিনেমার জনপ্রিয় এই নায়িকাকে।

একনজরে বিশ্বকাপের

# ১০ দলের স্কোয়াড



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** আগামী ৫ অক্টোবর থেকে মাঠে গড়াবে ভারতে অনুষ্ঠেয় ওয়ানডে বিশ্বকাপের ১৩তম আসর। একনজরে বিশ্বকাপের অংশ নিতে যাওয়া ১০ দলের স্কোয়াড :

বাংলাদেশ স্কোয়াড :
সাকিব আল হাসান (অধিনায়ক), নাজমুল হোসেন শান্ত (সহ-অধিনায়ক), লিটন দাস, তানজিদ হাসান তামিম, তাওহিদ হৃদয়, মুশফিকুর রহিম, মাহমুদউল্লাহ রিয়াদ, মেহেদী হাসান মিরাজ, নাসুম আহমেদ, শেখ মেহেদী হাসান, তাসকিন আহমেদ, মোস্তাফিজুর রহমান, হাসান মাহমুদ, শরিফুল ইসলাম, তানজিম হাসান সাকিব।

ইংল্যান্ড স্কোয়াড :
জস বাটলার (অধিনায়ক), মঈন আলী, গাস অ্যাটকিনসন, জনি বেয়ারস্টো, স্যাম কারান, লিয়াম লিভিংস্টোন, ডেভিড মালান, আদিল রশিদ, জো রুট, হ্যারি ব্রুক, বেন স্টোকস, রিস টপলি, ডেভিড উইলি, মার্ক উড, ক্রিস ওকস।

**ভারত স্কোয়াড :**
রোহিত শর্মা (অধিনায়ক), শুবমান গিল, বিরাট কোহলি, শ্রেয়াস আইয়ার, লোকেশ রাহুল, ইশান কিশান, সূর্যকুমার যাদব, হার্দিক পান্ডিয়া (সহ-অধিনায়ক), রবীন্দ্র জাদেজা, কুলদীপ যাদব, অক্ষর প্যাটেল, মোহাম্মদ সিরাজ, মোহাম্মদ শামি, শার্দুল ঠাকুর, জাসপ্রিত বুমরাহ।

**অস্ট্রেলিয়া স্কোয়াড :**
প্যাট কামিন্স (অধিনায়ক), ডেভিড ওয়ার্নার, মিচেল মার্শ, ট্রাভিস হেড, স্টিভেন স্মিথ, মার্কাস স্টয়নিস, ক্যামেরন গ্রিন, অ্যালেক্স ক্যারি, জন ইংলিস, গ্লেন ম্যাক্সওয়েল, অ্যাস্টন অ্যাগার, অ্যাডাম জাম্পা, জশ হ্যাজেলউড, মিচেল স্টার্ক ও শন অ্যাবট।

**পাকিস্তান স্কোয়াড :**
বাবর আজম (অধিনায়ক), ফখর জামান, ইমাম উল হক, আবদুল্লাহ শফিক, মোহাম্মদ রিজওয়ান, সৌদ শাকিল, ইফতিখার আহমেদ, আগা সালমান, শাদাব খান, উসামা মীর, মোহাম্মদ নওয়াজ, শাহিন শাহ আফ্রিদি, হারিস রউফ, মোহাম্মদ ওয়াসিম জুনিয়র, হাসান আলী।
স্কোয়াডের সঙ্গে রিজার্ভ খেলোয়াড় : মোহাম্মদ হারিস, আবরার আহমেদ, জামান খান।

**নিউজিল্যান্ড স্কোয়াড :**
কেইন উইলিয়ামসন (অধিনায়ক), ট্রেন্ট বোল্ট, মার্ক চাপম্যান, ডেভন কনওয়ে, লকি ফার্গুসন, ম্যাট হেনরি, টম ল্যাথাম, ড্যারিল মিচেল, জিমি নিশাম, গ্লেন ফিলিপস, রাচিন রবীন্দ্র, মিচেল স্যান্টনার, ইশ সোধি, টিম সাউদি, উইল ইয়ং।

**দক্ষিণ আফ্রিকা স্কোয়াড :**
টেম্বা বাভুমা (অধিনায়ক), জেরাল্ড কোয়েটজি, কুইন্টন ডি কক, রেজা হেনড্রিকস, মার্কো ইয়ানসেন, হেইনরিখ ক্লাসেন, আন্দিল ফেলুকওয়ায়ো, কেশব মহারাজ, এইডেন মার্করাম, লুঙ্গি এনগিদি, ডেভিড মিলার, লিজাড উইলিয়ামস, কাগিসো রাবাদা, তাবরাইজ শামসি, রাসি ফন ডার ডুসেন।

**শ্রীলঙ্কা স্কোয়াড :**
দাসুন শানাকা (অধিনায়ক), কুশল মেন্ডিস (সহ-অধিনায়ক), কুশল পেরেরা, পাথুম নিসাঙ্কা, দিমুথ করুনারত্নে, সাদিরা সামারাবিক্রমা, চারিথ আসালাঙ্কা, ধনাঞ্জয়া ডি সিলভা, দুসান হেমন্থ, দুনিথ ভেলালাগে, মাহিশ থিকশানা, কাসুন রাজিথা, মাথিশা পাথিরানা, লাহিরু কুমারা, দিলশান মাদুশাঙ্কা।
স্কোয়াডের সঙ্গে রিজার্ভ খেলোয়াড় : চামিকা করুনারত্নে।

**আফগানিস্তান স্কোয়াড :**
হাশমতুল্লাহ শহিদি (অধিনায়ক), রহমানুল্লাহ গুরবাজ, ইব্রাহিম জাদরান, রিয়াজ হাসান, রহমত শাহ, নাজিবুল্লাহ জাদরান, মোহাম্মদ নবি, ইকরাম আলিখিল, আজমতুল্লাহ ওমরজাই, রশিদ খান, মুজিব উর রহমান, নুর আহমেদ, ফজলহক ফারুকি, আব্দুল রহমান ও নাভিন উল হক।

**নেদারল্যান্ডস স্কোয়াড :**
স্কট এডওয়ার্ডস (অধিনায়ক), বিক্রমজিত সিং, কলিন অ্যাকারম্যান, শারিজ আহমেদ, ওয়েসলি বারেসি, লোগান ফন বিক, আরিয়ান দত্ত, সির্ব্যান্ড এঙ্গেলব্রেখট, রায়ান ক্লেইন, বাস ডি লিডি, পল ফন মিকেরেন, রোলফ ফন ডার মারওয়ে, তেজা নিদামানুরু, ম্যাক্স ও'ডাউড ও সাকিব জুলফিকার।

বিশ্বকাপ জিততে হলে

# ভারতকে হারাতে হবে: মাইকেল ভন






**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ভারতে আগামী ৫ অক্টোবর শুরু হবে ওয়ানডে বিশ্বকাপ। চেন্নাইয়ে ৮ অক্টোবর অস্ট্রেলিয়ার মুখোমুখি হয়ে ঘরের মাঠে বিশ্বকাপ অভিযান শুরু করবে রোহিত শর্মার দল। স্বাগতিক হওয়ায় এবার ভারতকে ঘিরে প্রত্যাশাও অনেক। কিছুদিন আগে এশিয়া কাপ জিতেও আত্মবিশ্বাসে টগবগ করছেন রোহিত্‌কোহলিরা। এমন পরিস্থিতিতে সাবেক ইংল্যান্ড অধিনায়ক মাইকেল ভন বলেছেন, বিশ্বকাপ জিততে হলে আগে হারাতে হবে ভারতকে।

এশিয়া কাপের চ্যাম্পিয়ন ভারতের সাম্প্রতিক ওয়ানডে ফর্ম দেখেই হয়তো ভনের এই উপলব্ধি। টুইটারে ভন লিখেছেন, 'এটা আমার কাছে পরিষ্কার, যারাই ভারতকে হারাতে পারবে, বিশ্বকাপ জিতবে। ভারতের মাটিতে ভারতের ব্যাটিং লাইনআপ অবিশ্বাস্য। সঙ্গে বোলিংয়েও ওদের সব ধরনের বিকল্প আছে। একমাত্র অতিরিক্ত প্রত্যাশার চাপই ভারতকে থামাতে পারে।'

ওয়ানডে বিশ্বকাপের সাম্প্রতিক ইতিহাসও অবশ্য স্বাগতিক ভারতের পক্ষেই কথা বলছে। ২০১১ বিশ্বকাপ হয়েছিল ভারত-শ্রীলঙ্কা-বাংলাদেশে। ফাইনাল হয়েছিল ভারতের মুম্বাইয়ে, জিতেছিল ভারত। ২০১৫ বিশ্বকাপের স্বাগতিক ছিল অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড, ফাইনাল হয়েছিল অস্ট্রেলিয়ার মেলবোর্নে, চ্যাম্পিয়নও হয়েছিল অস্ট্রেলিয়া। চার বছর পর ২০১৯ বিশ্বকাপের স্বাগতিক ছিল ইংল্যান্ড, চ্যাম্পিয়নও হয়েছে তারাই।

# মায়োরকার সঙ্গে কোনোমতে ড্র বার্সার



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দুইবার পিছিয়ে পড়েও ফিরে আসতে পেরেছে বার্সেলেনো। শেষ পর্যন্ত মায়োরকার মাঠে গিয়ে দু'বার গোল হজম করেও ২-২ গোলে ড্র করে ফিরতে পেরেছে বার্সেলোনা। সে সঙ্গে চলতি মৌসুমে এখনও পর্যন্ত অপরাজিত যাত্রা অব্যাহত রেখেছে জাভি হার্নান্দেজের শিষ্যরা।

৭ ম্যাচ শেষে সর্বোচ্চ ১৭ পয়েন্ট নিয়ে লা লিগার পয়েন্ট তালিকায় শীর্ষে অবস্থান করছে বার্সেলোনা। ৬ ম্যাচে ১৬ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে জিরোনা এবং সমান ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে রয়েছে রিয়াল মাদ্রিদ।

যদিও আজ জিরোনা ভিয়ারিয়েলের মাঠে গিয়ে জিতে যায়, তাহলে তারাই উঠে যাবে শীর্ষে। আবার রিয়াল মাদ্রিদেরও ম্যাচ আছে লাস পালমাসের বিপক্ষে। এই ম্যাচে যদি তারা জয় পায়, তাহলে নিশ্চিত বার্সাকে পেছনে ফেলে দেবে লজ ব্লাঙ্কোজরা।

বার্সার দুর্ভাগ্য, এই ম্যাচে জিততে না পারাটা। কারণ শেষ দিকে তরুণ ফুটবলার লামিলে ইয়ামাল নিশ্চিত পেনাল্টি পেয়ে গিয়েছিলেন; কিন্তু সেই পেনাল্টি রেফারি ভিএআর দেখে বাতিল করে দেন। না হয়, ৩-২ ব্যবধানে জয় নিয়েই মাঠ ছাড়তে পারতো বার্সা।

ইয়ামাল বল নিয়ে মায়োর্কার বক্সে ঢুকে পড়ার পর একজন ডিফেন্ডার তাকে ট্যাকল করতে গেলে তিনি পড়ে যান। বার্সা পেনাল্টির আবেদন জানায়। রেফারি ভিএআরে গিয়ে দেখেন সেই ডিফেন্ডারের সঙ্গে ইয়ামালের কোনো 'টাচ'ই লাগেনি। যে কারণে তিনি পেনাল্টির বাঁশি বাজালেন না।


এ নিয়ে বার্সার কোচ জাভি হার্নান্দেজ বলেন, 'ডিফেন্ডারের ওই মুহূর্তে বলেই টাচ লাগেনি। আমাদের দেখা প্রয়োজন, এখানে দুই খেলোয়াড়ের মধ্যে সংঘর্ষ হয়েছে কি না। খালি চোখে আমরা দেখতে পেয়েছি। আমরা সরাসরি দেখলাম এটা ছিল পেনাল্টি। রেফারি মনিটরে দেখতে গিয়ে কিছুই পেলেন না। আসলে এ ধরনের ক্ষেত্রে সিদ্ধান্ত দেয়া রেফারির জন্য কঠিন হয়ে যায়।'

ম্যাচের ৩য় ফেরান ফার্মিন লোপেজ। ম৮ম মিনিটেই পিছিয়ে পড়ে বার্সা। ভেদাত মুরিকি গোল করে এগিয়ে দেন মায়োর্কাকে। ৪১তম মিনিটে গিয়ে বার্সাকে সমতায় ফেরান ব্রাজিলিয়ান তারকা রাফিনহা। প্রথমার্ধেরই একেবারে শেষ মুহূর্তে, ইনজুরি সময়ে (৪৫+৩ মিনিটে) গোল করে আবারও মায়োর্কাকে এগিয়ে দেন অ্যাবডন প্রাটস।

৭৫তম মিনিটে গিয়ে বার্সাকে আবারও সমত্যাচের একেবারে অন্তিম সময়ে এসে লাল কার্ড দেখেন মায়োর্কার পাবলো মাফেও।

বিশ্বকাপের আগে

# সমালোচনার মুখে বাবর আজম




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতে যাওয়ার ভিসা পেয়ে গেছে পাকিস্তান ক্রিকেট দল। দুবাই হয়ে হায়দরাবাদে পা রাখবেন বাবররা। কিন্তু বিশ্বকাপ খেলতে আসার আগেই সমালোচনার মুখে পাকিস্তান ক্রিকেট দলের অধিনায়ক বাবর আজম। জোরে গাড়ি চালিয়ে বিতর্কের মুখে তিনি। গুণতে হল জরিমানা। সূত্রের দাবি, গত ১৭ সেপ্টেম্বর লাহোরের গুলবার্গ এলাকায় তীব্র গতিতে নিজের বিলাসবহুল গাড়ি চালিয়ে যাচ্ছিলেন বাবর আজম। ঢুকে পড়েছিলেন অন্য লেনে। সঙ্গে ছিল না ড্রাইভিং লাইসেন্স। যার ফলে পাকিস্তানের পাঞ্জাব মোটরওয়ে পুলিশ তাকে জরিমানা করে। প্রসঙ্গত, সদ্য সমাপ্ত এশিয়া কাপে ব্যর্থ হয়েছে পাকিস্তান। ফাইনালেও উঠতে পারেনি। সমালোচিত হচ্ছেন বাবর। তার উপর এবার ড্রাইভিং লাইসেন্স ছাড়াই তীব্র গতিতে গাড়ি চালিয়ে জরিমানা গুণতে হল বাবরকে।

# শ্রীলঙ্কার বিশ্বকাপ দল ঘোষণা





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ওয়ানডে বিশ্বকাপের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে শ্রীলঙ্কা। বিশ্বকাপ দলে জায়গা হয়নি অভিজ্ঞ ম্যাথিউসের। শ্রীলঙ্কার বিশ্বকাপ স্কোয়াড: দাসুন শানাকা (অধিনায়ক), কুশল মেন্ডিস (সহঅধিনায়ক), কুশল পেরেরা, পাতুম নিসাঙ্কা, দিমুথ করুণারত্নে, সাদিরা সামারাবিক্রমা, চারিত আসালাঙ্কা, ধনঞ্জয়া ডি সিলভা, দুশান হেমন্ত, মহীশ থিকশানা, দুনিত ভেল্লালাগে, কাসুন রাজিতা, মাতিশা পাতিরানা, লাহিরু কুমারা ও দিলশান মাদুশঙ্কা।

এশিয়া কাপের স্কোয়াডে থাকা ক্রিকেটারদের মধ্যে বিশ্বকাপ দলে জায়গা হয়নি বিনোরা ফার্নান্দো, প্রমোদ মদুশান ও দুশান হেমন্তর।

হ্যামস্ট্রিংয়ের চোটে এশিয়া কাপের ফাইনাল না খেলা মাহিশ থিকশানাও রয়েছেন বিশ্বকাপ স্কোয়াডে।

# রোনালদোকে ছাড়াই আল নাসরের দাপুটে জয়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কিংস কাপের শেষ বত্রিশ রাউন্ডের ম্যাচে দ্বিতীয় স্তরের ক্লাব আল ওহোদের বিপক্ষে বিশ্রামে ছিলেন ক্রিশ্চিয়ানো রোনালদো। তবে তাকে ছাড়াই প্রতিপক্ষকে নিয়ে যেন ছেলেখেলা করলো আল নাসর! রোনালদোহীন আল নাসর মাঠ ছাড়ে ৫-১ গোলের দাপুটে জয় নিয়ে।

প্রিন্স মোহাম্মদ বিন আব্দুল আজিজ স্টেডিয়ামে ম্যাচের ১৬ মিনিটে পেনাল্টি থেকে আল নাসরকে এগিয়ে দেন সাদিও মানে। কিন্তু বিরতির ঠিক আগেই ভুল করে বসে ক্লাবটি। সেই ভুলের ফায়দা নিয়ে আল ওহোদকে সমতায় ফেরান পোলিশ স্ট্রাইকার কোনরাদ মিচালাক।

সমতায় থেকে বিরতিতে গেলেও দ্বিতীয়ার্ধে আল ওহোদকে একদমই পাত্তা দেয়নি আল নাসর। ৬২ মিনিটে দূরপাল্লার শটে তাদের ফের এগিয়ে দেন সেকো ফোফানা। ৭৩ মিনিটে দারুণ এক হেডে ব্যবধান বাড়ান অ্যান্ডারসন তালিসকা। এরপর আইমান ইয়াহিয়া ও সামি আল-নাজির গোলে সহজ জয় নিয়েই মাঠ ছেড়েছে সফরকারীরা।

আবারও হারলো

# চেলসি, ড্র আর্সেনালের



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** গত মৌসুমের মত হচ্ছে না আর্সেনালের। এবার ৬ ম্যাচের মধ্যে দুটিতেই ড্র করে ফেলেছে গানাররা। রোববার রাতেও কঠিন পরীক্ষার মুখোমুখি হতে হয়েছিলো মাইকেল আর্তেতার শিষ্যদের। কিন্তু টটেনহ্যাম হটস্পারের সঙ্গে সে পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি আর্সেনাল। টটেনহ্যামের আত্মঘাতী গোল সত্ত্বেও ম্যাচ ড্র করতে হয়েছে ২-২ গোলে। ফলে পয়েন্টও ভাগাভাগি হলো দুই দলের মধ্যে।

অন্যদিকে আরেক ইংলিশ প্রিমিয়ার লিগ ক্লাব চেলসি একের পর এক ম্যাচ হারছেই। রোববার তারা নিজেদের মাঠেই হেরে বসলো অ্যাস্টনভিলার কাছে। ম্যাচের ৭৩তম মিনিটে অ্যাস্টন ভিলার হয়ে একমাত্র জয়সূচক গোলটি করেন, ওলি ওয়াটকিনস।

৫৮তম মিনিটেই ১০ জনের দলে পরিণত হয় চেলসি। খর্ব শক্তির ব্লুজদের পেয়ে জয় তুলে নিতে কষ্ট হয়নি আর অ্যাস্টনভিলার। তবে, শেষ মুহূর্তে উল্লেখযোগ্য ঘটনা হলো, অ্যাস্টনভিলার গোলরক্ষক আর্জেন্টাইন এমিলিয়ানো মার্টিনেজের হলুদ কার্ড।

এ নিয়ে টানা তিন ম্যাচ জয়বঞ্চিত চেলসি। আগের ম্যাচে বোর্নমাউথের সঙ্গে গোলশূন্য ড্র করেছিলো তারা। এর আগের ম্যাচে হেরেছিলো নটিংহ্যাম ফরেস্টের কাছে। প্রিমিয়ার লিগে এর আগে লুটন টাউনের বিপক্ষে জয় পেয়েছিলো মওরিসিও পোচেত্তিনোর শিষ্যরা।

এই পরাজয়ে চেলসি নেমে গেছে ১৪তম স্থানে। ৬ ম্যাচে তাদের অর্জন শুধু ৫ পয়েন্ট। অ্যাস্টন ভিলা রয়েছে ৬ নম্বর স্থানে। ৬ ম্যাচে তাদের অর্জন ১২ পয়েন্ট।

আর্সেনাল নিজেদের মাঠে দুর্ভাগ্যের শিকার হয়েছে। ২৬তম মিনিটে টটেনহ্যামের ক্রিশ্চিয়ান রোমেরো নিজেদের জালে বল জড়ানো সত্ত্বেও জয় পায়নি গানাররা। ২-২ গোলে ড্র করেছে টটেনহ্যামের সঙ্গে। ২৬তম মিনিটে আত্মঘাতী গোল করে এগিয়ে দেয় ক্রিশ্চিয়ান রোমেরো। কিন্তু দক্ষিণ কোরিয়ান তারকা সন হিউং-মিন ৪২তম মিনিটে গোল করে টটেনহ্যামকে সমতায় ফেরান। ৫৪ মিনিটে বুকায়ো সাকা পেনাল্টি থেকে গোল করে আবারও এগিয়ে দেন আর্সেনালকে। কিন্তু ৫৫ মিনিটে আবারও গোল করেন সন হিউং মিন। ফলে ২-২ গোলে ড্র মেনেই মাঠ ছাড়তে হয়েছিলো আর্সেনাল এবং টটেনহ্যামকে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR